



উপক্রমণিকা

আমরা সবাই প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা। আমরা প্রত্যেকে চাই- আমার, সন্তান-সন্ততি ও পরিবারবর্গের নিশ্চিত, নিরাপদ ভবিষ্যৎ- যা নিশ্চিত করা এককভাবে যত কঠিন, যৌথভাবে তত সহজ। নিরাপদ ভবিষ্যৎ বিনির্মাণ একটি সমন্বিত কাজ। ঝুঁকিহীনতা, সফলতা, নিরাপত্তাবোধ ও সর্বজনীনতার বিবেচনায় সমন্বিত কাজ যেরূপ হয়, একক বা ব্যক্তিক কাজ সাধারণত সেরূপ হয় না। আবার আমাদের অনেকের পক্ষে এককভাবে এরূপ কাজ করা সম্ভবও নয়। তাই আমরা সমষ্টিগতভাবে একটি সংঘ, সংগঠন বা সমিতি গঠন করার প্রত্যয় ব্যক্ত করি। সমিতি প্রধানত দুটি কাজ করবে। প্রথমত আমাদের সকলকে একত্রিত করবে এবং দ্বিতীয়ত সমিতি একটি মজবুত আইনগত ভিত্তি তথা প্লাটফর্ম রচনা করবে।

সমিতি নিরাপদ ভবিষ্যৎ বিনির্মাণসূক কর্মকর্তাগণকে একত্রিত করবে। যেহেতু একত্রিত হওয়া যৌথ বা সমন্বিত কাজ করার পূর্বশর্ত। আমরা, ২০তম বিসিএস এর মাধ্যমে যোগদানকারী কর্মকর্তাগণ, দীর্ঘ এক দশক আগে সরকারি চাকরিতে যোগদান করেছি। সে হিসেবে, আমাদের অন্তত অধিকাংশের, পারস্পরিক একত্রিত হওয়ার বয়সও এক দশক হওয়ার কথা ছিল। অথচ বাস্তবতা ভিন্ন। একত্রিত হওয়া তো দূরের কথা, এতদিনে আমরা অনেকে এখনও, একত্রিত হওয়ার ন্যূনতম তাগিদ পর্যন্ত অনুভব করিনি বা অবকাশ পাইনি। তবে ভাল কিছু দেৱিতে হওয়াও ভাল। সুখের কথা, দেৱিতে হলেও একটি ভাল উদ্যোগকে কেন্দ্র করে আমরা একত্রিত হলাম। একটি ভাল উদ্যোগের সাথে আমরা নিজেদেরকে সম্পৃক্ত করলাম।

আইনগত ভিত্তি যেমন সমিতিতে নিরাপত্তা প্রদান করবে, তেমনি আমাদের মধ্যে সৃষ্টি করবে স্বচ্ছতা, জবাবদিহিতা ও পারস্পরিক বিশ্বাস; যা আমাদেরকে নিরবিচ্ছিন্নভাবে সমিতিতে অর্থ-সম্পদ সঞ্চয়ে প্রবৃত্ত করবে। সঞ্চয় উদ্বুদ্ধ করবে বিনিয়োগে, আনবে সমৃদ্ধি। আর সমৃদ্ধি আমাদেরকে আর্থ-সামাজিকভাবে একটি মর্যাদাপূর্ণ আসনে প্রতিষ্ঠিত করতে সহায়তা করবে।

আমরা যাঁরা এই সমিতির সদস্য, তাঁরা দেশের অভিজাত বা **Elite** সার্ভিস হিসাবে পরিচিত বিসিএস ক্যাডার সার্ভিসের ২০তম ব্যাচের বিভিন্ন ক্যাডারভুক্ত সরকারি কর্মকর্তা। আমাদের কর্তব্য হচ্ছে 'সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা' যার প্রেরণা আমরা পেয়েছি জাতির সর্বাপেক্ষা মূল্যবান দলিল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান থেকে। সাংবিধানিক কর্তব্য পালন এবং সমিতির লক্ষ-উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের প্রত্যয়ে বিভিন্ন ক্যাডারভুক্ত সৎ, মেধাবী, বিজ্ঞানমনস্ক, উদ্যমী, উদার দৃষ্টিভঙ্গি সম্পন্ন একদল কর্মকর্তা নিরলসভাবে নিজ নিজ কর্মে ব্রত রয়েছেন। আর এ ব্রতীয়মান কর্মকর্তা সকলের অনুভবের গভীর প্রদেশে সম্প্রীতির অনুরাগে বিনির্মিত প্রিয় সমিতি হচ্ছে- বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড।